

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়



বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।  
www.pmedutrust.gov.bd

**বিষয়:** প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভার তারিখ: ২৫ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ। সময়: ১১.০০ মিনিট।

স্থান: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর পরিচালক (যুগ্ম-সচিব) এর অফিস কক্ষ।

সভাপতি: মো: শাহাদাত হোসেন মজুমদার, পরিচালক (যুগ্ম-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়।

সভার উপস্থিতি: পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), ট্রাস্ট এর উদ্ভাবন কর্মপরিকল্পনা সভায় উত্থাপন করেন। কর্মপরিকল্পনা মোতাবেক সভায় নিম্নোক্ত বিষয়ের উপর আলোচনা হয়।

**(ক) উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরিকরণ**

সহকারী প্রোগ্রামার বলেন, উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক ট্রাস্ট এ উদ্ভাবন সহায়ক পরিবেশ তৈরির জন্য ট্রাস্ট এর নিজস্ব ওয়াই-ফাই রয়েছে। তিনি আরো বলেন, সকল শাখার জন্য প্রয়োজনীয় প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি সরবরাহের প্রক্রিয়া চলমান রয়েছে। সভাপতি কাজের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন।

**(খ) উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধিকরণ**

সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) জানান, শিক্ষা মন্ত্রণালয় ও ট্রাস্ট এর সকল কার্যক্রম প্রদর্শনের জন্য একটি ডিসপ্লে বোর্ড স্থাপনের কাজ চলমান আছে। সভাপতি জানান, উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধিকরণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন করা যেতে পারে।

**(গ) ট্রাস্ট এর কার্যক্রম ও উপবৃত্তি প্রদান অনলাইন ভিত্তিককরণ**

ড. মুহম্মদ মনিরুল হক, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জানান, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ই-স্টাইপেন্ড ডিজাইন প্রণয়ন করা হয়েছে। জাতীয় দৈনিকে EOI প্রকাশিত হয়েছে। RFP ইতোমধ্যে পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**২। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

(ক) প্রতিমাসে উদ্ভাবন কর্মপরিকল্পনা কমিটির সভার আয়োজন করা।

(খ) নতুন ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে উদ্ভাবন কর্মপরিকল্পনা সম্পর্কে সেমিনার/প্রশিক্ষণ আয়োজন করা।

(গ) ট্রাস্ট এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কাজের মূল্যায়নের ভিত্তিতে তাঁদেরকে পুরস্কৃত করার ব্যবস্থা করা।

(ঘ) ট্রাস্ট এর কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার এবং অন্যান্য ডিভাইস পরীক্ষা-নিরীক্ষা করে আগামী ১৫/০৭/২০১৮ তারিখের মধ্যে রিপোর্ট প্রদানের জন্য ট্রাস্ট এর সহকারী প্রোগ্রামার অসীম কুমার পাল-কে দায়িত্ব প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে সভায় উপস্থিতির জন্য পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

২৭/০৬/২০১৮ খ্রি.

(মো: শাহাদাত হোসেন মজুমদার)

পরিচালক (যুগ্ম-সচিব) ও সভাপতি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর

উদ্ভাবন কর্মপরিকল্পনা কোর্সেল বাস্তবায়ন সংক্রান্ত কমিটি

**বিতরণ (কার্যার্থে):**

১। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। উপ-পরিচালক (উপ-সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

নং-৩৭.২৪.০০.০০০.৪৪.০৫৪(অংশ-০১).২০১৭- ৪৬০৮

তারিখ: ১৩ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
২৭ জুন, ২০১৮ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। যুগ্ম-সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। অফিস কপি।

(ড. মুহম্মদ মনিরুল হক)

সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ফোন: ৯১২২৫২৪